



নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

বেগমগঞ্জ, নোয়াখালী।


“জননিরাপত্তার স্বার্থে সন্মানিত গ্রাহক সদস্যগণের করণীয় সংক্রান্ত সতর্কীকরণ বিজ্ঞপ্তি”

এতদ্বারা নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির সকল সম্মানিত গ্রাহকদের নিম্নবর্ণিত বিষয়সমূহ মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

- ❖ ফসলি জমিতে ফসল রক্ষা করার জন্য পশু, পাখি ও ইঁদুর নিধনের লক্ষ্যে জিআই/বিদ্যুৎ পরিবাহী তার দিয়ে ইলেকট্রিক মরণ ফাঁদ তৈরি করবেন না। এই ফাঁদে পড়ে আপনার জানমালসহ সাধারণ মানুষের জানমালের ক্ষতি হতে পারে, এমনকি জীবনহানিও ঘটতে পারে। সেক্ষেত্রে আইনত আপনি দায়ী হবেন।
- ❖ বৈদ্যুতিক খুঁটিতে ও টানা তারে হাত দিবেন না এবং গৃহপালিত পশু বাঁধবেন না, টানা তার খুলে দিবেন না। এতে তড়িতাহত হয়ে পশুর মৃত্যুসহ জানমালের ক্ষতি হতে পারে।
- ❖ স্থাপিত বৈদ্যুতিক লাইনের নিচে/লাইন ঘেঁষে/লাইনের পাশে ঘর-বাড়িসহ স্থাপনা নির্মাণ করবেন না। এতে জীবন-যাপন ঝুঁকিপূর্ণ হবে এবং বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটতে পারে। এমনকি জানমালের ক্ষতিসহ জীবনহানি ঘটতে পারে।
- ❖ নির্মিত লাইনের নিচে/লাইন ঘেঁষে/লাইনের পাশে জেনে শুনে ঘর-বাড়িসহ স্থাপনা নির্মাণ করলে এবং পরবর্তীতে বৈদ্যুতিক দুর্ঘটনাসহ যে কোন ক্ষয়ক্ষতির জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।
- ❖ বৈদ্যুতিক লাইনের নিচে/লাইন ঘেঁষে/লাইনের পাশে গাছপালা লাগাবেন না। গাছ, গাছের ডালপালা, বাঁশ যেন লাইন স্পর্শ না করে সেদিকে লক্ষ্য রাখুন। এতে বৈদ্যুতিক দুর্ঘটনাসহ জানমালের ক্ষতি সাধিত হতে পারে।
- ❖ বৈদ্যুতিক লাইনের আশেপাশে বাঁশ, গাছ ও গাছের ডালপালা কাটার পূর্বে বিদ্যুৎ অফিসকে অবহিত করে বিদ্যুৎ বন্ধ করে কাটতে হবে। তা না হলে বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটে জানমালের ক্ষতিসহ জীবনহানি ঘটতে পারে।
- ❖ বৈদ্যুতিক লাইন থেকে নিরাপদ দূরত্বে {বৈদ্যুতিক লাইন হতে চতুর্দিকে কমপক্ষে ১০ (দশ) ফুট} গাছ লাগান। এতে একদিকে যেমন বৈদ্যুতিক দুর্ঘটনা রোধসহ জানমালের নিরাপত্তা নিশ্চিত হবে, অন্যদিকে পরিবেশের ভারসাম্য রক্ষা করবে এবং নিরাপদ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবে।
- ❖ বৈদ্যুতিক লাইনের নিচে অথবা তার আশপাশে ঘুড়ি উড়াবেন না। এতে তারে জড়িয়ে জানমালের ক্ষতিসহ জীবনহানি ঘটতে পারে।
- ❖ বৈদ্যুতিক খুঁটির আশেপাশের মাটি কাটবেন না বা সরাবেন না। এতে খুঁটি হেলে পড়ে জানমালের ক্ষতিসহ জীবনহানি ঘটতে পারে।
- ❖ বাড়ির পাশ দিয়ে যাওয়া বৈদ্যুতিক লাইনে বাড়ির ছাদ থেকে জিনিসপত্র ছুড়ে ফেলবেন না। এতে জানমালের ক্ষতিসহ জীবনহানি ঘটতে পারে।
- ❖ বৈদ্যুতিক তারে ভেজা কাপড় শুকাতে দিবেন না। এতে বৈদ্যুতিক দুর্ঘটনাসহ জানমালের ক্ষতি সাধিত হতে পারে, এমনকি তড়িতাহত হয়ে জীবনহানিও ঘটতে পারে।
- ❖ কোথাও কোনো বৈদ্যুতিক তার ছিঁড়ে পড়লে তা থেকে দূরে থাকতে হবে। দ্রুত নিকটস্থ বিদ্যুৎ অফিসে জানাতে হবে এবং বিদ্যুৎ কর্মী এসে নিরাপদ না করা পর্যন্ত পাহারার ব্যবস্থা করতে হবে।
- ❖ আপনার সংযোগ থেকে পার্শ্ববর্তী অন্য কাউকে সংযোগ দিবেন না। বিদ্যুৎ পুনঃবিক্রি আইনতঃ দণ্ডনীয় অপরাধ।
- ❖ বিএসটিআই কর্তৃক অনুমোদিত পরিবাহী তার ও বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করতে হবে। বাড়ী ঘরসহ আপনার স্থাপনার বৈদ্যুতিক তার, সুইচ ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি প্রতি বছরে অন্ততঃপক্ষে একবার স্থানীয় দক্ষ ইলেকট্রিশিয়ান এর মাধ্যমে চেক করুন।
- ❖ বর্তমানে বিশ্বে বিদ্যুৎ ছাড়া জীবন অচল। তবে বিদ্যুতের বিস্তুতি, নিরাপদ, সাশ্রয়ী, সচেতন ও সঠিক ব্যবহার ক্রমাদেব এই চতুর্থ শিল্প বিপ্লবে মজল ও সাফল্য বয়ে আনবে বলে দৃঢ় বিশ্বাস।

“নিরাপদ বিদ্যুৎ ব্যবহার আপনার জীবনে কল্যান বয়ে আনুক”

পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে সবার সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।


স্বাক্ষর
মুদ্রা
জেনারেল ম্যানেজার

জেনারেল ম্যানেজার

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি

টেলিফোন নম্বর: ০২৩৩৪৪৯২৫৫৯/০২৩৩৪৪৯৩২১২